# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা

www.dscc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক সংখ্যাঃ ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১-১০৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ২৫ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ, ০৮ ফেব্রুয়ারি ২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০১.১৮-১৬৩ নম্বর স্মারকের অনুমোদনের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | উপ-কর কর্মকর্তা<br>গ্রেডঃ ৯ (২২,০০০-৫৩,০৬০/-) | ০৯টি | ১৮-৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২. | লাইসেন্স ও বিজ্ঞাপন সুপারভাইজার<br>গ্রেডঃ ১৪ (১০২০০, ২৪,৬৮০/-) | ০৮টি | ১৮-৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৩. | রেভিনিউ সুপারভাইজার<br>গ্রেডঃ ১৪ (১০২০০, ২৪,৬৮০/-) | ২৭টি | ১৮-৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৪. | রেন্ট এ্যাসিসটেন্ট<br>গ্রেডঃ ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ০৭টি | ১৮-৩০ বৎসর বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৫. | লেজার কিপার<br>গ্রেডঃ ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ০৫টি | ১৮-৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

২। **নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

(১) ১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনোক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) (২) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরীরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৪) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৫) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(৬) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

(৭) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত (নিজ জেলা উল্লেখকরতঃ) নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৮) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৯) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

(১০) সকল সত্যয়ন/প্রত্যয়ন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(১১) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(১৩) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী http://dscc.teletalk.com.bd এবং www.dscc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(I) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৮ ফাল্গুন ১৪২৭/ ০৩ মার্চ ২০২১ সকালঃ ১০.০০টা।

(II) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৯ চৈত্র ১৪২৭/ ২৩ মার্চ ২০২১ বিকালঃ ৫.০০টা।

(III) উক্ত বয়সসীমার মধ্যে Usder ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(১৪) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ১নং পদের জন্য ১,০০০/- (এক হাজার টাকা); ২ হতে ৫নং পদের জন্য ৫০০/- (পাঁচশত টাকা) Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।

(১৫) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৭) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

আকরামুজ্জামান
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

DSCC/PRD/115/20-21
জিডি-৪২১